যখন তিন ব্যক্তি সফরে বের হবে, তখন তারা যেন তাদের একজনকে আমীর বানিয়ে নেয়।

আবূ সা‘ঈদ ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকে মারফু হিসেবে বর্ণিত,“যখন তিনজন ব্যক্তি কোনো সফরে বের হবে, তখন তারা যেন তাদের একজনকে আমীর বানিয়ে নেয়।”
[হাসান] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম মুসাফিরদের নির্দেশ দিচ্ছেন যে, তারা যেন তাদের থেকে একজনকে আমীর নিযুক্ত করে। যে তাদের মধ্যে উত্তম ও সঠিক সিদ্ধান্তের অধিকারী, যেন তিনি তাদের যাবতীয় কর্মের অভিভাবকত্ব করতে পারেন। কারণ, তারা যদি তাদের কাউকে আমীর না বানায় তাদের কাজকর্ম অগোছালো হয়ে যাবে।

http://sunnah.global/hadeeth/bn/show/5970